ইনকিলাব

তারিখ ... 26 AUG 2009
পৃষ্ঠা ... ২ কলাম ...

শিক্ষা খাতে বরাদ্দ অর্থের ব্যয় ও নির্ধারিত কাজ ৯ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে

-শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষা খাতের জন্য বরাদ্দকৃত অর্থের ব্যয় ও নির্ধারিত কাজ ৯ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে। শিক্ষা পরিবারের আর্থিক বছর হবে ৯ মাসে। জনগণের ট্যাক্সের প্রতিটি টাকা সঠিকভাবে ব্যয় করুন। গতকাল মন্ত্রণালয়ের সভাকক্ষে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) মাসিক পর্যালোচনা সভায় কর্মকর্তাদের উদ্দেশ্যে তিনি এ আহ্বান জানান। সভায় মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব উজ্জ্বল বিকাশ পৃঃ ২ কঃ ৮

শিক্ষা খাতে বরাদ্দ অর্থের ব্যয়

২০-এর পৃষ্ঠার পর

দত্ত, যুগ্ম প্রধান, যুগ্ম সচিবগণ, অধিদপ্তর, দপ্তর ও সংস্থা প্রধানগণ, প্রকল্প পরিচালকগণ উপস্থিত ছিলেন।

শিক্ষামন্ত্রী বলেন, কারো বছর ১২ মাসে, কারো বছর ১৮ মাসে। আমাদের শিক্ষা পরিবারের আর্থিক বছর হবে ৯ মাসে। এ সময়ের মধ্যেই আর্থিক বরাদ্দ যথাযথভাবে ব্যয় করতে হবে। তবে আর্থিক ব্যয় মূল কথা নয়, মূল কথা হলো বরাদ্দকৃত অর্থের কাজটি সঠিকভাবে সম্পন্ন করা। এটি করা সম্ভব হলে অর্থ মন্ত্রণালয় থেকে পুনঃবরাদ্দ নিয়ে আরো কাজ করা যাবে। তিনি প্রতিটি কর্মকর্তা-কর্মচারীকে নিজ দায়িত্বকে মহৎ কর্ম হিসেবে গ্রহণ করে কাজের মধ্যে গর্ব খোঁজার আহ্বান জানান। মন্ত্রী শিক্ষা পরিবারের অধিকাংশ কর্মকর্তা-কর্মচারীকে সৎ, দক্ষ ও কর্মতৎপর হিসেবে উল্লেখ করে বলেন, কতিপয়ের অপকর্মের জন্য দুর্নীতি প্রতিরোধের উদ্যোগ নিতে হচ্ছে। নিয়মনীতির মধ্যে যার যার কাজটি যথাসময়ে সঠিকভাবে করতে হবে। সঠিক পথে চলতে অক্ষম হলে তিনি যার যার নিজের পথ দেখার পরামর্শ দেন।

এদিকে গতকাল মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয় ও মাইক্রোসফট বাংলাদেশের মধ্যে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের এডভান্স কম্পিউটার প্রশিক্ষণ প্রদানের বিষয়ে এক স্মারক চুক্তি স্বাক্ষরিত হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব উজ্জ্বল বিকাশ দত্ত এবং মাইক্রোসফট বাংলাদেশের কান্ট্রি ম্যানেজার ফিরোজ মাহমুদ শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের উপস্থিতিতে স্ব স্ব পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন। এ সময় মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব রাজিয়া বেগমসহ ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। চুক্তিটি এবছরের ১ জুলাই থেকে ২৮ জুন ২০১৩ পর্যন্ত কার্যকর থাকবে। প্রসঙ্গত ২০০৫ সালের ৫ ডিসেম্বর মাইক্রোসফটের মালিক বিল গেটসের উপস্থিতিতে আরেকটি চুক্তির অধীনে মাইক্রোসফট বাংলাদেশ দেশের ৮ হাজারের অধিক শিক্ষককে দু'সপ্তাহব্যাপী বেসিক কম্পিউটার প্রশিক্ষণ প্রদান করেছে।

শিক্ষামন্ত্রী দেশের মাধ্যমিক স্তরের শিক্ষকদের কম্পিউটার প্রশিক্ষণে এগিয়ে আসার জন্য মাইক্রোসফট বাংলাদেশকে ধন্যবাদ জানিয়ে বলেন, সরকারের পাশাপাশি দেশী-বিদেশী বেসরকারী উদ্যোগ দেশের শিক্ষা ব্যবস্থাকে তথ্য প্রযুক্তিনির্ভর করতে সহায়তা করবে।